রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৬, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/২৫ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৯১-আইন/২০২৩।**—নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ (২০০৯ সনের ৫নং আইন) এর ধারা ১৯, ধারা ৯ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম**।—(১) এই বিধিমালা নির্বাচন কমিশন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) “**কমিশন**” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “**কর্মচারী**” অর্থে কর্মকর্তাও অন্তর্ভুক্ত হইবেন;

(গ) “**জিপিএ**” অর্থ Grade Point Average (GPA);

(ঘ) “**তফসিল**” অর্থ এই বিধিমালারকোনো তফসিল;

(ঙ) “**নির্বাচন কমিশন**” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(চ) “**নিয়োগকারী কর্তৃপক্ষ**” অর্থ নির্বাচন কমিশন বা নির্বাচন কমিশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(ছ) “**পদ**” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;


মূল্য : টাকা ২৪.০০

(জ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(ঝ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ঞ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ট) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন;

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোনো ব্যক্তিকে পদোন্নতি প্রদান করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ না করিলে এবং তদকর্তৃক নির্ধারিত সিলেবাস অনুযায়ী পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ না হইলে সিনিয়র সহকারী সচিব, একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), উপ-পরিচালক, জেলা নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এবং অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নির্বাচন কমিশন কর্তৃক সিলেবাস প্রণয়ন ও পরীক্ষা গ্রহণ না করা পর্যন্ত এই বিধান প্রযোজ্য হইবে না।

৬। **শিক্ষানবিশি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির শিক্ষানবিশকাল হইবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসর:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপে বর্ধিত করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলমান থাকাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশি মেয়াদ চলমান থাকাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদ চলমান থাকাকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—(১) তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬ এর উপ-বিধি (৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) গৃহীত কোনো ব্যবস্থা বা কৃত কোনো কার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে, যতদূর সম্ভব, উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

[বিধি ২ (ঘ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সচিব | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের সচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | অতিরিক্ত সচিব | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** যুগ্মসচিব বা মহাপরিচালক (নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৮ (আঠারো) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে :** সরকারের অতিরিক্ত সচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | মহাপরিচালক (জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** যুগ্মসচিব বা মহাপরিচালক (নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৮ (আঠারো) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের অতিরিক্ত সচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৪। | যুগ্মসচিব | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা পদে অন্যূন ২ (দুই)বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৫ (পনেরো) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে :** সরকারের যুগ্মসচিব বা সমপদ মর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | মহাপরিচালক (নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা পদে অন্যূন ২ (দুই)বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৫(পনেরো) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের যুগ্মসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | যুগ্মসচিব (আইন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৭। | সিস্টেম ম্যানেজার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** উপসচিব, পরিচালক,সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা অথবা পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৯। | সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১০। | উপসচিব | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সিনিয়র সহকারী সচিব, একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), উপ-পরিচালক, জেলা নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অথবা অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের উপসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সিনিয়র সহকারী সচিব, একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), উপ-পরিচালক, জেলা নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অথবা অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের উপসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১২। | সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সিনিয়র সহকারী সচিব, একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), উপ-পরিচালক, জেলা নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অথবা অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তাপদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের উপসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৩। | পরিচালক (জনসংযোগ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সিনিয়র সহকারী সচিব, একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), উপ-পরিচালক, জেলা নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অথবা অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তাপদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের উপসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | উপসচিব (আইন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৫। | উপপ্রধান | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের উপসচিবগণের মধ্য হইতে। |
| ১৬। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৭। | সিনিয়র সহকারী সচিব | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সচিব, সহকারী পরিচালক, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কর্মকর্তা অথবা সহকারী পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৮। | একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সচিব, সহকারী পরিচালক, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কর্মকর্তা অথবা সহকারী পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৯। | উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সচিব, সহকারী পরিচালক, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কর্মকর্তা অথবা সহকারী পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ২০। | জেলা নির্বাচন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সচিব, সহকারী পরিচালক, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কর্মকর্তা অথবা সহকারী পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ২১। | অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সচিব, সহকারী পরিচালক, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কর্মকর্তা অথবা সহকারী পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ২২। | অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সচিব, সহকারী পরিচালক, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কর্মকর্তা অথবা সহকারী পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৩। | সিনিয়র সহকারী প্রধান | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২৪। | ঊর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব রক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সিভিল সার্ভিস(নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২৫। | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৬। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৭। | সহকারী সচিব | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) এক-তৃতীয়াংশ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) দুই-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) সহকারী উপজেলা/সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা অথবা ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(২) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৮। | সহকারী পরিচালক | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) এক-তৃতীয়াংশ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) দুই-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) সহকারী উপজেলা/সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা অথবা ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(২) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ২৯। | উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) এক-তৃতীয়াংশ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>এবং<br>(খ) দুই-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) সহকারী উপজেলা/সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা অথবা ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(২) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩০। | নির্বাচন কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) এক-তৃতীয়াংশ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) দুই-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) সহকারী উপজেলা/ সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা অথবা ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(২) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ৩১। | সহকারী সচিব (আইন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সিনিয়র সহকারী জজ বা সহকারী জজ পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩২। | সহকারী প্রধান | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩৩। | সহকারী পরিচালক (জনসংযোগ) | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৪। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সিভিল সার্ভিস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩৫। | এ্যাসিসটেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৬। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৭। | মেডিকেল অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী সার্জন পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩৮। | লাইব্রেরিয়ান | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং<br>(খ) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ক্যাটালগার (উচ্চ স্কেল) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি বা লাইব্রেরিয়ান (গ্রেড-১৩) পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৯। | সহকারী উপজেলা/ সহকারী থানা নির্বাচন কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৪০ (চল্লিশ) ভাগ পদ ফিডার পদের পদসংখ্যার আনুপাতিক হারে পদোন্নতির মাধ্যমে,তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৬০ (ষাট) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক বা স্টোর কিপার (উচ্চ স্কেল) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা উচ্চমান সহকারী, স্টোরকিপার (গ্রেড-১৪) বা হিসাব সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি অথবা অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Officeএ অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ৪০। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০(ত্রিশ) বৎসর | (ক) শতকরা ১৫ (পনেরো) ভাগ পদ কম্পিউটার অপারেটর ও সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদ হইতে, শতকরা ৬৫(পয়ষট্টি) ভাগ পদ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ হইতে এবং শতকরা | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি অথবা সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | ১০ (দশ) ভাগ পদ ডাটা এন্ট্রি অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ১০ (দশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Officeএ অভিজ্ঞতা;<br>(৩) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ৪১। | ব্যক্তিগত কর্মকর্তা | ৩০(ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৮০ (আশি) ভাগ পদ ফিডার পদের পদ সংখ্যার আনুপাতিক হারে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ২০ (বিশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি অথবা সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর বা সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা;<br>(৩) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে |
| ৪২। | সুপারিনটেনডেন্ট | ৩০(ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৩। | ক্যাফেটেরিয়া সুপারভাইজার | ৩০(ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; (২) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ৪৪। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৫। | ক্যাটালগার (উচ্চ স্কেল) | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** ক্যাটালগার (গ্রেড-১৪) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং (২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Officeএ অভিজ্ঞতা। |
| ৪৬। | লাইব্রেরিয়ান (গ্রেড ১৩) | ৩০(ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক সমমানের ডিগ্রিসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং (২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Officeএ অভিজ্ঞতা। |
| ৪৭। | সাঁট-লিপিকার কামকম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৮। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৪৯। | উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা। |
| ৫০। | স্টোর কিপার (উচ্চ স্কেল) | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা। |
| ৫১। | ফিজিক্যাল ইন্সট্রাক্টর (পুরুষ ও মহিলা) | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনোস্বীকৃতবিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন সার্টিফিকেট। |
| ৫২। | উচ্চমান সহকারী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা। |
| ৫৩। | স্টোর কিপার (গ্রেড-১৪) | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা। |
| ৫৪। | হিসাব সহকারী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৫। | ক্যাটালগার (গ্রেড-১৪) | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Officeএ অভিজ্ঞতা। |
| ৫৬। | চিকিৎসা সহকারী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনোস্বীকৃত প্রতিষ্ঠান হইতে Medical Assistant Training School কোর্স সার্টিফিকেট; এবং<br>(২) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>স্বাস্থ্য অধিদপ্তরের সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ৫৭। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৩০ (ত্রিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা৭০ (সত্তর) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) ডেসপাস রাইডার পদে অন্যূন ৪ (চার) বৎসর বা দপ্তরী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(২) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(৩) কম্পিউটার মুদ্রাক্ষর ব্যবহার সংক্রান্ত সর্বনিম্ন গতি-<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ;<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ)শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা; এবং<br>(৩) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৮। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৯। | (ক) গাড়ি চালক (ভারী)/ (হালকা) | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| | (খ) গাড়ি চালক (আউটসোর্সিং) | আউটসোর্সিং(Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৬০। | ডেসপাস রাইডার | ৩০(ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) মোটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। |
| ৬১। | ক্যাশ সরকার | ৩০(ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) বেতন ও ভ্রমণভাতা বিল প্রস্তুতের কাজে অভিজ্ঞতা; এবং<br>(৩) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬২। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৬৩। | রেস্ট হাউজ কেয়ার টেকার | ৩০(ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তফসিল-৪ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৪। | অফিস সহায়ক | বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর সংশোধনী ২০২০ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৫। | (ক) নিরাপত্তা প্রহরী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | (খ) নিরাপত্তা প্রহরী (আউটসোর্সিং) | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৬৬। | (ক) পরিচ্ছন্নতা কর্মী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে [মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজনদের মধ্য হইতে, তবে উপযুক্ত জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সাধারণ প্রার্থীদের মধ্য হইতে] | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | (খ) পরিচ্ছন্নতা কর্মী (আউটসোর্সিং) | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৬৭। | (ক) মালী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) সংশ্লিষ্ট কাজে কোনো প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| | (খ) মালী (আউটসোর্সিং) | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৬৮। | ফটোগ্রাফার | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৬৯। | ইলেক্ট্রিশিয়ান | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭০। | অটোমেকানিক (ইঞ্জিন) | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭১। | প্লাম্বার (আউটসোর্সিং) | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭২। | লিফটম্যান | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭৩। | জেনারেটর অপারেটর | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭৪। | রিসিপশনিস্ট | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭৫। | অডিও ভিজুয়াল অপারেটর | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭৬। | ট্রেনিং রুম এটেনডেন্ট | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭৭। | ক্যাফেটেরিয়া এ্যাটেনডেন্ট | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭৮। | অডিটরিয়াম কেয়ারটেকার | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৭৯। | বাবুর্চি | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৮০। | সহকারী বাবুর্চি | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৮১। | এইচপিআর (হেলপার অব প্রিন্টিং) | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |

**তফসিল-২**

[বিধি ২ (ঘ), তফসিল-১ এর ক্রমিক নং ৫৭ দ্রষ্টব্য]

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ৩০ | | |
| ২। | ইংরেজি | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

ব্যাখ্যা : (১) লিখিত পরীক্ষা এবং তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে;

(২) কম্পিউটারে এম এস অফিসসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

[বিধি ২(ঘ), তফসিল-১ এর ক্রমিক নং ৫৭ এবং তফসিল-২ দ্রষ্টব্য]

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর | বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা : (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে; এবং

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

[বিধি ২(ঘ), তফসিল-১ এর ক্রমিক নং ৬৩ দ্রষ্টব্য]

রেস্ট হাউজ কেয়ারটেকার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ৪০ | ৫০% | ১ ঘণ্টা |
| ১। | বাংলা | ১০ | | |
| ২। | ইংরেজি | ১০ | | |
| ৩। | গণিত | ১০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ৫০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জাহাংগীর আলম
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক, (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd